

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ৮৬৭

তারিখ : ১২ আগস্ট ২০১৮ খ্রি.


প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত 'টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল প্রশিক্ষণ পাঠ্যধারা' এবং Broadcast Networking and Cyber Security পাঠ্যধারা'র সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান ০৯ আগস্ট ২০১৮ খ্রি. বৃহস্পতিবার বিকাল ০৩:০০ টায় ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল প্রশিক্ষণ পাঠ্যধারায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের ২০ (বিশ) জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন এবং Broadcast Networking and Cyber Security পাঠ্যধারায় তথ্য মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তরের ১৭ (সতের) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের বিভাগীয় প্রধান ড. কামালউদ্দিন কবির।

পাঠ্যধারায় হাতে কলমে পাঠদানের মাধ্যমে প্রশিক্ষণীগণ কার্যকর ও সমন্বিতভাবে বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মো: রফিকুজ্জামান।

  
আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

**বিতরণ :**

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি / দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের কাগজ / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর / এবিসিনিউজবিডি.কম।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।